Bangladesh

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# পার্বতীপুর উপজেলা পরিষদের এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ২০/০৪/২০২২ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট -''ক''

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর'কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

০২। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ

উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর গত ১০/০৩/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মার্চ, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে পাতা নং-০৩ এ বর্ণিত উপজেলা পরিষদের হলরুমের ০৩টি টয়লেট, টাইলসসহ কমোড স্থাপন ও মেরামত কাজ যার প্রাক্কলিত মূল্য =৮,৩০,০০০/- (আট লক্ষ ত্রিশ হাজার) টাকা যা বাতিলসহ ০১ টি প্রকল্প =২,০০,০০০/- টাকায় প্রকল্প কমিটির মাধ্যমে মেরামত কাজ সম্পন্নকরণ সংশোধনী আনয়ন ও আর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনযোগ্য বিষয়াদি আলোচনা করেন এবং ১৭টি কমিটির কার্যবিবরণী সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত : | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক) আইন শৃঙ্খলা সংক্রান্তঃ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে উপ-কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার/ অফিসার-ইন-চার্জ, পার্বতীপুর মডেল থানা/ রেলওয়ে থানা/ সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান, পার্বতীপুর, দিনাজপুর |
| খ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে ফেব্রুয়ারি/২০২২ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, (i) ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। আগামী ৩০/০৬/২০২২ খ্রি. তারিখের পূর্বেই কাজ সমাপ্ত হবে। কাজের গুণগতমান সন্তোষজনক। বর্তমানে ২০২১-২২ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে হস্তান্তরিত এডিপি উন্নয়ন প্রকল্পগুলোর ১৪টি প্যাকেজের দরপত্র কার্যাদেশ প্রদান করা হয়েছে মর্মে তিনি সভায় জানান।<br>(ii) উপজেলা প্রকৌশলী সভায় আরোও জানান যে, উপ-সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা মহোদয়ের স্মারক নং ৪৬.০০.০০০০. ০৪৫.২০.০০৪.২১.৪৫৪, তাং ১৬/০৮/২০২১ খ্রি: পত্রে ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্পের অধীন পার্বতীপুর উপজেলায় মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণের =৪,৮২,০০০/- (চার লক্ষ বিরাশি হাজার টাকা মাত্র) বরাদ্দ পাওয়া গেছে।<br>(iii) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় আরোও জানান যে, উপজেলা ভূমি অফিসের নতুন ভবনের নির্মাণ কাজ সমাপ্তির পথে। উপজেলা ভূমি অফিসের নতুন ভবনের সম্মুখে পরিত্যক্ত ০১ টি গ্যারেজ ও ০১ টি কড়াই গাছ ও ০১টি মেহগনি গাছ রয়েছে, তাই নতুন অফিস ভবনের সামনে জনসাধারণের চলাফেরা করতে সমস্যা হবে। পরিত্যক্ত গ্যারেজ ও উক্ত গাছ ০২ টি নিলামে বিক্রয়করত: অপসারণ করা প্রয়োজন। এছাড়া সভায় তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন ও জরাজীর্ণ পানির পাম্প মেশিনের ঘরটি নিলামের মাধ্যমে বিক্রয়ের প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে আহবান করা হলো।<br>(ii) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী'কে কোটেশন আহবানপূর্বক জরুরিভিত্তিতে প্রকল্পটি বাস্তবায়নের জন্য বলা হলো। কাজের নাম=২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্পের অধীন পার্বতীপুর উপজেলায় মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান ইত্যাদি ক্রয়পূর্বক বিনামূল্যে বিতরণ প্রদান কাজ: যার প্রাক্কলিত মূল্য=৪,৮২,০০০/- (চার লক্ষ বিরাশি হাজার টাকা মাত্র)।<br>(iii) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে নবনির্মিত উপজেলা ভূমি অফিসের সামনে পরিত্যক্ত ও জরাজীর্ণ গ্যারেজ ও পুরাতন পাম্প মেশিনের জরাজীর্ণ ঘরটির মূল্য উপজেলা প্রকৌশলী কর্তৃক নির্ধারণ ও উপজেলা ভূমি অফিসের সামনে উক্ত গাছ ০২ টি'র মূল্য বন বিভাগ কর্তৃক নির্ধারণপূর্বক নীতিমালার আলোকে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের বিষয়ে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |

| | | |
|---|---|---|
| (iv) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, ঝড়ে উপজেলা পরিষদের অভ্যন্তরে ০২টি গাছ ও ০২টি গাছের ০১টি করে ডাল ভেঙ্গে গেছে। এতে করে জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। গাছের বিবরণ নিম্নরূপ :<br>(১) উপজেলা পরিষদের মেইন গেটের ভিতরে আকাশমনি গাছের ০১টি ডাল ভেঙ্গে পড়ে রয়েছে; (২) বিআরডিবি অফিসের সামনে ছোট ০১টি নারিকেল গাছ উপড়ে পড়ে রয়েছে; (৩) উপজেলা ভূমি অফিসের পিছনে ০১টি কড়াই গাছ উপড়ে পড়ে রয়েছে; (৪) উপজেলা বরেন্দ্র অফিসের পিছনে ও তার গোডাউন ঘরের সম্মুখে কড়াই গাছের ০১টি ডাল ভেঙ্গে পড়ে রয়েছে। | (iv) সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু ঝড়ে পার্শ্ববর্ণিত গাছ ০২টি ও ০২টি গাছের ডাল ভেঙ্গে পড়ে জনসাধারণের চলাচলের অসুবিধা হচ্ছে তাই বন বিভাগ কর্তৃক গাছের মূল্য নির্ধারণের দীর্ঘ সময় লাগবে মর্মে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে বর্ণিত গাছের মূল্য নির্ধারণপূর্বক নীতিমালার আলোকে বর্ণিত কমিটির মাধ্যমে জরুরিভিত্তিতে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হলো। | |
| (v) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব উন্নয়ন তহবিল হস্তান্তরিত এডিপি উন্নয়ন খাতে অত্র দপ্তরের দরপত্র বিজ্ঞপ্তি নং ৪/২০২১-২০২২ এ প্যাকেজ নং e-GP/ADP/REV/18/2021-2022 যা ৮নং হাবড়া ইউপি উক্ত প্যাকেজের ক্রমিক নং ৯ যা ৮ নং হাবড়া ইউ,পি'তে শেরপুর তিলাইপাড়া মুকুলের বাড়ি হতে আনোয়ারের বাড়ি এবং মসজিদ হতে মকলেসের বাড়ি পর্যন্ত রাস্তায় ইট সলিং কাজ যার প্রাক্কলিত মূল্য =৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা মাত্র)। উক্ত প্রকল্পটির কিছু অংশ ইতোপূর্বে অন্য প্রকল্প হতে বাস্তবায়ন হওয়ায় তা পরিবর্তন পূর্বক নিম্নবর্ণিত প্রকল্পটি উক্ত টাকায় বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউ'পি চেয়ারম্যান আবেদন দাখিল করেছেন। সংশোধিত কাজের নাম-প্রকল্প ৮নং হাবড়া ইউপিতে পশ্চিম শেরপুর পালপাড়া হতে উত্তর রসুলপুর ভেটিয়া পর্যন্ত রাস্তায় ইট সলিংকরণ। প্রকল্প মূল্য = ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। | (v) সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, ৮নং হাবড়া ইউপি এর আবেদনের প্রেক্ষিতে ৮নং ইউ'পিতে উক্ত প্রকল্পটির পরিবর্তে সংশোধনী প্রকল্প ৮নং হাবড়া ইউপি'তে পশ্চিম শেরপুর পালপাড়া হতে উত্তর রসুলপুর ভেটিয়া পর্যন্ত রাস্তায় ইট সলিংকরণ। যার বরাদ্দ টাকা= ৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা মাত্র)। উক্ত ঠিকাদারের মাধ্যমে তার চুক্তি মূল্যে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি<br>পার্বতীপুর, দিনাজপুর |
| (vi) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় আরো জানান যে, পার্বতীপুর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ কাজের প্রাক্কলিত মূল্য ছিল =১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকা, দরপত্র দাখিল হয়েছিল ৫% নিম্নদরে। প্রকাশ্য লটারীতে মেসার্স ভাইবোন ট্রেডার্স, নবাবগঞ্জ, দিনাজপুর এর নামে ৫% নিম্নদরে =১৪,২৫,০০০/- টাকা কার্যাদেশ প্রদান করা হয়। কাজটি ঠিকাদার কর্তৃক সম্পাদনের সময় ৫টি আইটেম বাড়তি কাজ করা হয়েছে যার সংশোধিত প্রাক্কলিত মূল্য প্রস্তুত করা হয়েছে। যার সংশোধিত চুক্তিমূল্য =১৪,৯৫,৪২১.৩৫/- টাকা। | (vi) সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু উক্ত কাজের সংশোধিত চুক্তিমূল্য প্রাক্কলিত মূল্যের চেয়ে কম সেহেতু উক্ত কাজটির সংশোধিত চুক্তিমূল্য =১৪,৯৫,৪২১.৩৫/- টাকা (৪.৯৪% উর্ধ্বদর) অনুমোদনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| (vii) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তার জন্য আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ কাজের জন্য টিনসেডের পরিবর্তে ছাদ ঢালাই কাজ এর জন্য প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি-কে বলা হলে তিনি প্রাক্কলন প্রস্তুত পূর্বক দাখিল করেছেন। যার প্রাক্কলিক মূল্য =৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা মর্মে সভায় জানান। | (vii) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তার জন্য আনসার সদস্যদের আবাসন ভবনের টিনসেড এর পরিবর্তে আরসিসি ছাদ ঢালাই কাজের প্রাক্কলিত মূল্য =৮,০০,০০০/-(আট লক্ষ) টাকা যা সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা মহোদয়ের সদয় অনুমোদন স্বাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নীতিমালার আলোকে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | (viii) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় আরোও জানান যে, পার্বতীপুর উপজেলা পরিষদের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর উপজেলা প্রকৌশলীর কার্যালয়, পার্বতীপুর কর্তৃক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অনুকূলে ০১টি প্যাকেজ এবং উন্নয়ন তহবিলের অনুকূলে ২১টি প্যাকেজ, সর্বমোট ২২টি প্যাকেজ এর দরপত্র (e-GP) আহবান করা হয়। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৭(২), ৭(৩), ৮(১৫), ৮(১৬) এবং তফসিল-২ এর ৮(১৫) এ নির্ধারিত হার অনুযায়ী দরপত্র উন্মুক্তকরণ কমিটি ও দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানী প্রদানের বিধান রয়েছে। ২২ টি প্যাকেজ এর সর্বমোট সম্মানী =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। সম্মানীর বিবরণ- (১) নাশিদ কায়সার রিয়াদ, উপজেলা নির্বাহী অফিসার- TOC =১০০০x৪+৬০০x৪=৬৪০০/- টাকা এবং TEC = ১০০০x৪+ ৬০০x৪=৬৪০০/- মোট= ১২,৮০০/-; (২) মুহাম্মদ ইসমাঈল, উপজেলা নির্বাহী অফিসার TOC =১০০০x১৩+৬০০x১ = ১৩৬০০/- এবং TEC = ১০০০x১৩+৬০০x১=১৩৬০০/- মোট =২৭,২০০/-; (৩) মোঃ আহসান হাবীব, উপজেলা প্রকৌশলী, এলজিইডি TOC =১০০০x১৭+৬০০x৫=২০,০০০/- এবং TEC =১০০০x১৭+৬০০x৫=২০,০০০/- মোট = ৪০,০০০/- ; (৪) মোঃ মোস্তাহেদুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি TEC =১০০০x১৭+৬০০x৫=২০,০০০/-, সর্বমোট = (১২৮০০+২৭২০০+৪০০০০+২০০০০)= ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। উক্ত সম্মানীর টাকা কোন খাত হতে প্রদান করা যাবে সে বিষয়টি তিনি সভায় উপস্থাপন করেন। | (viii) সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু দরপত্রে বর্ণিত কাজগুলো উপজেলা রাজস্ব তহবিল হস্তান্তরিত এডিপি উন্নয়ন খাতের, তাই পিপিআর-২০০৮ এ বর্ণিত বিধি ৭(৩) অনুযায়ী প্যাকেজের দরপত্র উন্মুক্তকরণ কমিটি ও দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানী বাবদ পার্শ্ববর্ণনামতে মোট =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা যা উপজেলা পরিষদের বাজেটে অন্তর্ভুক্তকরণপূর্বক প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি<br>পার্বতীপুর, দিনাজপুর |
| | (ix) উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, পার্বতীপুর উপজেলায় নতুন প্রশাসনিক ভবনসহ হলরুম নির্মাণের কাজ চলমান রয়েছে। আশা করা যাচ্ছে অতি শীঘ্রই কাজ সমাপ্ত হবে। গত ১৩/০৪/২০২২ খ্রি. তারিখে উপজেলা পরিষদের সভায় অনুমোদিত বর্তমান হলরুমের টয়লেট মেরামত কাজের জন্য =৮,৩০,০০০/-(আট লক্ষ ত্রিশ হাজার) টাকার প্রাক্কলন অনুমোদিত হয়। যা স্থানীয় সরকার বিভাগ, ঢাকা মহোদয়ের অনুমোদন স্বাপেক্ষে রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রস্তাব রাখা হয়। গত ১৩/০৪/২০২২ খ্রি. তারিখে উপজেলা পরিষদ সভায় অনুমোদিত হলরুমের টয়লেট মেরামত কাজের জন্য =৮,৩০,০০০/-(আট লক্ষ ত্রিশ হাজার) টাকার প্রাক্কলন বাতিলসহ বর্তমানে টয়লেটসমূহ চলমান রাখার নিমিত্ত অফিস ও বাসাবাড়ি খাত হতে জরুরিভিত্তিতে ০১টি প্রকল্প যা প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য তিনি সভায় উপস্থাপন করেন। | (ix) সভায় বিস্তারিত আলোচনান্তে গত ১৩/০৪/২০২২ খ্রি. তারিখে উপজেলা পরিষদ সভায় অনুমোদিত হলরুমের টয়লেটের মেরামত কাজের জন্য =৮,৩০,০০০/-(আট লক্ষ ত্রিশ হাজার) টাকার প্রাক্কলন বাতিল করা হলো এবং হলরুমের টয়লেটসমূহ ব্যবহার উপযোগী রাখার জন্য উপজেলা পরিষদের অফিস ও বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ খাত হতে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে জরুরিভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। কাজের নাম- উপজেলা পরিষদের হলরুম এর টয়লেট মেরামত কাজ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>১। মোঃ একরামুল হক, প্যানেল চেয়ারম্যান, ৩নং ইউ'পি প্রকল্প চেয়ারম্যান<br>২। মোঃ আরশেদ আলী, ৩নং ইউ'পি সদস্য প্রকল্প সদস্য<br>৩। মোঃ আক্তার হোসেন, ৩নং ইউ'পি সদস্য প্রকল্প সদস্য<br>৪। মোঃ আহসান হাবীব, ৩নং ইউ'পি সদস্য প্রকল্প সদস্য<br>৫। মোছাঃ জোস্নারা বেগম, ৩নং ইউ'পি সদস্য প্রকল্প সদস্য<br>৬। মোঃ ছাদেকুর রহমান, শিক্ষক প্রকল্প সদস্য | |
| গ) কৃষি ও সেচ সংক্রান্তঃ | উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে মার্চ/২০২২ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, (১) মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও কম্পোস্ট সার তৈরির উপর এবং বিষমুক্ত সবজি উৎপাদনে ফেরোমন ফাঁদ ব্যবহারের উপর কৃষকদের'কে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। প্রতি ইউনিয়নে ১০০ জন কৃষককে প্রশিক্ষণ দেয়া হলে কৃষকগণ উপকৃত হবে এবং বিষমুক্ত সবজি উৎপাদন সম্ভব হবে মর্মে তিনি সভায় জানান।<br>(২) সভায় তিনি আরোও জানান যে, চলতি খরিপ-১ মৌসুমে ৬০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে আউশ প্রণোদনা বিতরণ করা হয়েছে। প্রতিজন কৃষকদের ৫ কেজি উফশী বীজ, ২০ কেজি ডিএপি ও ১০ কেজি পটাশ সার বিতরণ করা হয়েছে। বর্তমানে প্রায় ৬০ ভাগ বোরো ধানের ফুল অবস্থায় রয়েছে। আগাম ধানে নেক ব্লাস্ট রোগ প্রতিরোধের জন্য কৃষকদের ব্লাস্টের ঔষধ ছিটানোর পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ৬টি কম্বাইন হারভেস্টার ও ৩টি পাওয়ার থ্রেসার বরাদ্দ পাওয়া গেছে এবং বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |

<table>
<tr>
<td>ঘ) প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্তঃ</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গুড়গুড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ শীঘ্রই শুরু করা হবে। সকল প্রাথমিক বিদ্যালয় ওয়াই-ফাই এর আওতায় আনা হবে মর্মে তিনি সভায় জানান।</td>
<td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>ঙ) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্তঃ</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা কল্যাণ ট্রাস্টের আওতায় ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২০২২ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের অনলাইন উপবৃত্তি কার্যক্রম চলমান রয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২২ উপজেলা পর্যায়ে সমাপ্ত করে চূড়ান্ত ফলাফল জেলায় প্রেরণ করা হয়েছে। এছাড়া খাদ্য পুষ্টি কর্মসূচির আওতায় ছাত্রীদের পুষ্টির কথা বিবেচনা করে ৬ষ্ঠ থেকে ১০ম পর্যন্ত সকল ছাত্রীকে সপ্তাহে একটি করে উচ্চ ক্ষমতাসম্পন্ন আয়রন ফলিত এসিড ট্যাবলেট খাওয়ানো চলমান আছে। জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানান।</td>
<td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>চ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্তঃ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>ii) <u>পরিবার পরিকল্পনা:</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের মার্চ/২০২২ মাসের প্রতিবেদন মোতাবেক সক্ষম দম্পতির সংখ্যা ৮৪,৩১০ জন, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৮,৫৮৮ জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮১.৩৫%। পদ্ধতিওয়ারী মার্চ/২০২২ খ্রিঃ মাসে পদ্ধতি গ্রহীতা নিম্নরূপঃ (১) স্থায়ী পদ্ধতি মহিলা ৩৫ জন, (২) স্থায়ী পদ্ধতি পুরুষ ০৪ জন, (৩) আই ইউ ডি ২২ জন, (৪) ইমপ্ল্যান্ট ৩৪৮ জন, (৫) ইনজেকশন ১,৮৫৬ ডোজ, (৬) খাবার বড়ি ৪,৭০৭ সাইকেল, (৭) কনডম ১৯,৪৫৫ পিস। <u>বিতরণ ও সম্পাদনঃ</u> জুলাই/২১ হতে মার্চ/২২ খ্রি. পর্যন্ত (১) স্থায়ী পদ্ধতি মহিলা-১৮১ জন, (২) স্থায়ী পদ্ধতি পুরুষ-৪৩ জন, (৩) আইইউডি-৪২৪ জন, (৪) ইমপ্ল্যান্ট-১.২৮৯ জন। অত্র উপজেলার মার্চ/২০২২ খ্রি. মাসের নতুন গর্ভবতীর সংখ্যা-৩৮৬ জন এবং উপজেলার মোট গর্ভবতীর সংখ্যা ২,৭২৭ জন। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।<br>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td>
<td>১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>ছ) যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্তঃ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, মার্চ/২২ মাসের বিভাগীয় কার্যক্রম নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণী</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>মূল ঋণ তহবিল প্রাপ্ত</td><td>৪০,৩৮,৮০০/-</td></tr>
<tr><td>০২</td><td>মুনাফা অর্জিত</td><td>২৩,৯৯,৯৮২/-</td></tr>
<tr><td>০৩</td><td>চলতি মাসের ঋণ বিতরণ</td><td>৬,২০,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>চলতি মাসে আদায়যোগ্য</td><td>১,৫০,৭০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>চলতি মাসে আদায়কৃত</td><td>১,৬৮,০৯৭/-</td></tr>
<tr><td>০৬</td><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>৯,৭০,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ</td><td>২,৪৬,২০,৯০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়যোগ্য</td><td>২.০৪,৭১,৬৮০/-</td></tr>
<tr><td>০৯</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়কৃত</td><td>১,৮৭.১৫.৮৬৬/-</td></tr>
<tr><td>১০</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়ের হার</td><td>৯১.৪২%</td></tr>
<tr><td>১১</td><td>চলতি মাসের প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক)</td><td>৯০ (জন)</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুরকে আহবান করা হলো।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | ১২ | ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক) | ১০,১৪২ (জন) | |
| | ১৩ | ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (প্রাতিষ্ঠানিক) | ৫১৮ (জন) | |
| | ১৪ | ক্রমপুঞ্জিভূত আত্মকর্মীর সংখ্যা | ৬,১৯৬ (জন) | |
| | ১৫ | তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা | ৪৪ টি | |
| | ১৬ | নিবন্ধনকৃত/স্বীকৃত যুব সংগঠনের সংখ্যা | ৩৮ টি | |

| | | | |
|---|---|---|---|
| জ) মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। (i) উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পার্বতীপুরকে আহবান করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ঝ) সমাজ কল্যাণ সংক্রান্তঃ | (i) উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর কর্তৃক বাস্তবায়িত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তির আওতায় ৩১,৩৭০ জন উপকারভোগীর ৩য় কিস্তির (জানুয়ারি/২০২২-মার্চ/২০২২) অর্থ ইতোমধ্যে ছাড় করা হয়েছে। ঈদের পূর্বেই সকল উপকারভোগী ভাতা পাবেন। উল্লেখ্য রিকন্সিলিয়েশনে আসা বেশ কিছু ভাতাভোগীর বকেয়া অর্থও অল্প কিছুদিন এর মধ্যে পেয়ে যাবে। এছাড়া বিভিন্ন ঋণ কার্যক্রম, রোগী কল্যাণ সমিতি, প্রবেশন, ক্যাপিটেশন গ্রান্ট প্রদান, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ঞ) মুক্তিযোদ্ধা সংক্রান্তঃ | উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ট) মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্তঃ | উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>(i) উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, (১) NATP-2 প্রকল্পের আওতায় ২০টি সিআইজি সমিতিতে ২৫টি দেশীয় প্রজাতির মাছের প্রদর্শনী প্রদানের জন্য উপকরণ সরবরাহ করা হচ্ছে। মৎস্যবীজ উৎপাদন খামার পার্বতীপুরে গলদা চিংড়ির পিএম ও জুভেনাইল দেশীয় প্রজাতির মাছের রেনু ও পোনা উৎপাদন কার্যক্রম চলমান। দেশীয় প্রজাতির মাছের রেনু ও পোনা উৎপাদন ও সম্প্রসারণের নিমিত্ত বিশেষ অবদান রাখার জন্য মৎস্য বীজ উৎপাদন খামারের হ্যাচারী কর্মকর্তা জনাব মাহফুজুল হককে মৎস্য পদকের জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে। এ বিষয়ে এমপি মহোদয়ের ডিও লেটার প্রয়োজন হবে মর্মে তিনি সহযোগিতা কামনা করেন।<br>(২) উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় আরোও জানান যে, উপজেলা মৎস্য অফিসের সামনে পরিত্যক্ত পাম্প হাউজ অপসারণ করে একটি চলাচলের রাস্তা নির্মান করা প্রয়োজন।<br>ii) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। একইসাথে উপজেলা মৎস্য অফিসের সামনে পরিত্যক্ত পাম্প হাউজ অপসারণের বিষয়ে সংশ্লিষ্ট নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর, দিনাজপুর'কে অনুরোধ করা হলো।<br>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত), পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | ১। উপজেলা মৎস্য অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br>৩। উপজেলা প্রকৌশলী এলজিইডি, পার্বতীপুর, দিনাজপুর |
| ঠ) পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্তঃ | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>(i) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, (১) অত্র দপ্তরের দীর্ঘদিনের দাদনকৃত ফসলী ঋণ ও মেয়াদি ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় পড়ে আছে। দপ্তরের কর্মচারীগণ ঠিকমত মাঠ পর্যায়ে ঋণী সদস্যের বাড়িতে যায়না। এমনকি তারা ঠিকমতো অফিসে আসে না। ঠিকমতো অফিসের সাপ্তাহিক স্টাফ সভায় উপস্থিত হয় না এবং মাঠ সম্পর্কে কোন প্রকার সমস্যা তুলে ধরে না মর্মে ক্ষোভ প্রকাশ করেন এবং পরবর্তীতে উক্ত কর্মচারীগণের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। একইসাথে যে সকল আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে সমিতি এখনো গঠন করা হয়নি সেগুলোর ক্ষেত্রে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় অফিসার<br>২। সকল ইউ,পি চেয়ারম্যান,<br>পার্বতীপুর, দিনাজপুর |

| | | | |
|---|---|---|---|
| | (২) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় আরোও জানান যে, মূল কর্মসূচির ৩০ জন সুফলভোগী সমবায়ীদের গত ২৬/০১/২০২২ খ্রি. তারিখে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২য় ব্যাচ প্রশিক্ষণের জন্য তালিকা গ্রহণের জন্য প্রস্তুতি চলছে। ২০২১-২০২২ অর্থবছরে অপ্রধান শস্য নিয়ে ০৩ (তিন) টি প্রশিক্ষণের অনুদান পাওয়া গেছে। এর মধ্যে ০২টি প্রশিক্ষণ ইতোমধ্যে শেষ করা হয়েছে। ০১টি প্রশিক্ষণ বাকি রয়েছে। বাকি ০১টি প্রশিক্ষণের প্রস্তুতি চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানান।<br>(৩) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় আরোও জানান যে, অত্র দপ্তরে ২০২১-২২ অর্থবছরে সমিতির সদস্যদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। বাড়ি ৬০ জন সদস্যকে মে/২০২২ মাসের মধ্যে প্রশিক্ষণ দেয়া হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা প্রকল্পের সদস্যদেরকে খেলাপি ঋণ আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া দপ্তরের ও অন্যান্য সমিতির ঋণ কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে তিনি সভায় জানান।<br>ii) উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, আশ্রয়ণ প্রকল্পের আওতায় ভূমিহীনদের প্রশিক্ষণ দেয়ার জন্য মোট ২২টি আশ্রয়ণ প্রকল্প আছে। এখনো কয়েকটি সমিতি গঠন করা সম্ভব হয়নি। তাই সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানগণকে সমিতি গঠনে সহযোগিতার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | | |
| ড) সংস্কৃতি সংক্রান্তঃ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর |
| ঢ) পরিবেশ ও বন সংক্রান্তঃ | উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। উপজেলা বন কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট কমিটি<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ণ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্তঃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, পার্বতীপুর উপজেলায় ৪টি খাদ্য গুদামে ২০/০৪/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মজুদের ছক নিম্নরূপ: | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক পার্বতীপুর, দিনাজপুর |

মজুদ (মেট্রিক টন)

| গুদামের নাম | আমন ধান | আতপ চাল | বোরো চাল | মোট চাল | গম | ধান | খালি বস্তা |
|---|---|---|---|---|---|---|---|
| পার্বতীপুর | ১১৫৪.১৬২ | -- | ১৯৯.৮৬৯ | ১৩৫৪.০৩১ | -- | -- | -- |
| ভবানীপুর | ৭৩০.৭৪০ | -- | ৩৮০.১২২ | ১১১০.৮৬২ | -- | -- | -- |
| মন্মথপুর | ৪৯৮.১৩১ | -- | ৫৪৩.৫৫৮ | ১০৪১.৭৪৯ | -- | -- | -- |
| আমবাড়ী | ১৯৭৭.৪৮০ | -- | ১১২.১৮৪ | ২০৮৯.৬৬৪ | -- | -- | -- |
| মোট- | ৪৩৬০.৫৭৩ | -- | ১২৩৫.৭৩৩ | ৫৫৯৬.৩০৬ | -- | -- | -- |

সংগ্রহ/২০২২ সমাপ্ত

| গুদামের নাম | লক্ষ্যমাত্রা | | | | অর্জিত পরিমাণ | | | | অবশিষ্ট পরিমাণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম |
| পার্বতীপুর | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| ভবানীপুর | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| মন্মথপুর | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| আমবাড়ী | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| মোট- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |

বাজার দর

| ক্র: নং | পণ্য | কেজি প্রতি দর (টাকা) | |
|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত |
| ১ | চাল | ৩৭.৫/- | ৩৮/- |
| ২ | চাল চিকন | ৪৮/- | ৫০/- |
| ৩ | ধান মোটা | ২৫/- | ২৬/- |
| ৪ | চিনি | ৭৮/- | ৮০/- |
| ৫ | গম | ২৮.৫/- | ২৯/- |
| ৬ | আটা | ৩০/- | ৩২/- |
| ৭ | লবণ (প্যাকেট) | ২০/- | ৩০/- |
| ৮ | সয়াবিন | ১৬৫/- | ১৭০/- |
| ৯ | সরিষা তেল | ২৮০/- | ২৮৫/- |
| ১০ | আলু | ১৫/- | ২০/- |

গম লক্ষ্যমাত্রা= ১১২.০০০ মেট্রিক টন
ওএমএস খাতে চাল বিতরণ = ২৯২.০০০ মেট্রিক টন
ওএমএস খাতে আটা বিতরণ = ২৭০.০০০ মেট্রিক টন
খাদ্য বান্ধব খাতে চাল বিতরণ = ৩৮৬.২৮০ মেট্রিক টন
মোট ডিলার = ৩২ জন
মোট চালের পরিমাণ = ৫০৬.২৮০ মেট্রিক টন (খাদ্য বান্ধব)

| | | | |
|---|---|---|---|
| ত) অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে ফেব্রুয়ারি/২২ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, এডিপি উন্নয়ন খাতের বরাদ্দপ্রাপ্ত টাকায় গৃহিত প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। বর্তমানে কাজের অগ্রগতি ৬০% সমাপ্ত হয়েছে যা আগামী ২৫/০৬/২০২২ খ্রি. তারিখের পূর্বে সমাপ্ত হবে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে সভায় অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |
| থ) জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্তঃ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুরের নিকট থেকে মার্চ/২০২২ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় পার্বতীপুর উপজেলায় ২৬০টি তারা নলকূপের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত ২৬০টি তারা নলকূপের মধ্যে ৯০টি তারা নলকূপের বোরিং ও প্লাটফর্ম নির্মাণের কাজ চলমান রয়েছে। ফেব্রুয়ারি/২০২২ মাস পর্যন্ত পার্বতীপুর উপজেলায় স্যানিটেশন কভারেজ ৮৬.১৩% এবং পার্বতীপুর পৌরসভায় স্যানিটেশন কভারেজ ৯৬.২৭% মর্মে সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পার্বতীপুর, দিনাজপুর |
| টি,আর, কাবিখা, কাবিটা সংক্রান্তঃ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের "গ্রামীণ রাস্তা ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় পার্বতীপুর উপজেলায় নিম্নোক্ত ০২টি সেতুর দরপত্র আহবান ও পরবর্তীতে ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচন সম্পন্ন হয়েছে এবং বর্তমানে ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে NOA ও কার্যাদেশ প্রদান প্রক্রিয়াধীন রয়েছে: (১) ৩নং রামপুর ইউ'পি, প্রকল্পের নাম- সিঙ্গীমারী নদীর উপর লক্ষী সরকার বাজারের উত্তর পার্শ্বে হাই স্কুলের সামনে খালের উপর সেতু নির্মাণ, প্রাক্কলিত টাকার পরিমাণ =৭০,৫০,৮৯৭/- (২) ১নং বেলাইচন্ডী ইউ'পি, প্রকল্পের নাম- কুঠিপাড়া পাইকপাড়া হতে গুড়াতীপাড়া যাওয়ার রাস্তায় করতোয়া নদীর উপর সেতু নির্মাণ, প্রাক্কলিত টাকার পরিমাণ= ৭৪,৪৪,৪৪৭/-, টাকা। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের কার্যালয়ের গত ১৬/০৩/২০২২ খ্রি. তারিখের ৪৬.০২.২৭৭৭.০০০.১৬.০০১.২১-১৩১ নং স্মারক পত্রের মাধ্যমে ০১নং ক্রমিকে বর্ণিত প্রকল্পটি এল.জি.ই.ডি এর আওতাভুক্ত রাস্তা হওয়ায় উক্ত স্থানে সেতু নির্মাণ হতে বিরত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর'কে পত্র প্রদান করেছেন। সভায় তিনি আরোও জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের ডি.ও পত্রের প্রেক্ষিতে "গ্রামীণ রাস্তা ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন কমিটির মাধ্যমে ইতোপূর্বে বর্ণিত স্থানে জনস্বার্থে সেতু নির্মাণের প্রস্তাব দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সভায় তিনি আরোও জানান যে, তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর এর সাথে আলোচনা করেছেন এবং জেনেছেন এই মুহূর্তে বর্ণিত স্থানে উপজেলা প্রকৌশলী, এলজিইডি দপ্তরের সেতু নির্মাণ বাবদ কোন অর্থ বরাদ্দ হয়নি এবং কোন দরপত্র প্রক্রিয়া গ্রহণ করা হয়নি। সভায় তিনি আরোও জানান যে, যেহেতু ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচন সম্পন্ন হয়েছে সেহেতু ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে NOA ও কার্যাদেশ প্রদান করা প্রয়োজন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতার কার্যালয়ের মাধ্যমে ১নং ক্রমিকে বর্ণিত রামপুর ইউনিয়নে "সিঙ্গীমারী নদীর উপর লক্ষী সরকার বাজারের উত্তর পার্শ্বে হাই স্কুলের সামনে খালের উপর সেতু নির্মাণ" প্রকল্প বাস্তবায়নে সৃষ্ট জটিলতা নিরসনে সভায় তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয় পরামর্শ প্রদান করেন যে, যেহেতু উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে সেতু নির্মাণের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে, সেহেতু তাঁর দপ্তরের মাধ্যমেই বর্ণিত সেতুটি বাস্তবায়ন করা হোক। সে প্রেক্ষিতে ০১নং ক্রমিকে বর্ণিত রামপুর ইউনিয়নে বর্ণিত সেতুটি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী এলজিইডি, পার্বতীপুর, দিনাজপুর<br><br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর |

| ২০২১-২০২২ অর্থবছরে পার্বতীপুর উপজেলায় টি.আর, কাবিখা, কাবিটাসহ অন্যান্য কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপ: | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | প্রকল্পের নাম | প্রকল্পের ধরণ | প্রকল্পের সংখ্যা | মোট বরাদ্দ (চাল/গম/নগদ অর্থ) | ব্যয়িত | অব্যয়িত | কাজের অগ্রগতি |
| ১. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-নগদ অর্থ) নির্বাচনী এলাকাভিত্তিক ১ম কিস্তি | কাবিটা | ১০ টি | ৪৫,৫৮,৯২৪.০১ টাকা | ২২,৭৯,৪৬২.০০ টাকা | ২২,৭৯,৪৬২.০১ টাকা | ৫০% |
| ২. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য-চাল) নির্বাচনী এলাকাভিত্তিক ১ম কিস্তি | কাবিখা | ০৮ টি | ১০০.০০০ মেঃ টন (চাল) | ৫০.০০০ মেঃ টন (চাল) | ৫০.০০০ মেঃ টন (চাল) | ৫০% |
| ৩. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য-গম) নির্বাচনী এলাকাভিত্তিক ১ম কিস্তি | কাবিখা | ০৮ টি | ১০০.০০০ মেঃ টন (গম) | ৫০.০০০ মেঃ টন (গম) | ৫০.০০০ মেঃ টন (গম) | ৫০% |
| ৪. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তি | কাবিটা | ১৭ টি | ৪৯,২০,৫০২.৯৮ টাকা | ২৪,৬০,২৫১.৪৯ টাকা | ২৪,৬০,২৫১.৪৯ টাকা | ৫০% |
| ৫. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য- চাল) উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তি | কাবিখা | ১৩ টি | ১০৪.১১৬৩ মেঃ টন (চাল) | ৫২.০৫৮১৫ মেঃ টন (চাল) | ৫২.০৫৮১৫ মেঃ টন (চাল) | ৫০% |
| ৬. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য-গম) উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তি | কাবিখা | ১৩ টি | ১০৪.১১৬৩ মেঃ টন (গম) | ৫২.০৫৮১৫ মেঃ টন (গম) | ৫২.০৫৮১৫ মেঃ টন (গম) | ৫০% |
| ৭. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি. আর-নগদ অর্থ) নির্বাচনী এলাকাভিত্তিক ১ম কিস্তি | টি.আর | ৪৪ টি | ৩০,০০,০০০.০০ | ১৫,০০,০০০.০০ | ১৫,০০,০০০.০০ | ৫০% |
| ৮. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি. আর-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ১ম কিস্তি | টি.আর | ২৩ টি | ২৬,২৪,৩২১.৮৭ | ১৩,১২,১৬০.০০ | ১৩,১২,১৬১.৮৭ | ৫০% |
| ৯. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-নগদ অর্থ) পার্বতীপুর পৌরসভাভিত্তিক ১ম কিস্তি | টি.আর | ০১ টি | ২,১৮,২৮৮.৪৫ | ১,০৯,১৪৪.০০ | ১,০৯,১৪৪.৪৫ | ৫০% |
| ১০. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-নগদ অর্থ) নির্বাচনী এলাকাভিত্তিক ২য় কিস্তি | টি.আর | ৫৫ টি | ৬০,০০,০০০.০০ | ৩০,০০,০০০.০০ | ৩০,০০,০০০.০০ | ৫০ |
| ১১. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ২য় কিস্তি | টি.আর | ৩৪ টি | ৫২,৪৮,৬৪৩.৭৪ | - | ৫২,৪৮,৬৪৩.৭৪ | অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন |
| ১২. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর-নগদ অর্থ) পার্বতীপুর পৌরসভাভিত্তিক ২য় কিস্তি | টি.আর | ০২ টি | ৪,৩৬,৫৭৬.৮৯ | - | ৪,৩৬,৫৭৬.৮৯ | অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন |
| ১৩. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-নগদ অর্থ) উপজেলা পরিষদভিত্তিক ২য় কিস্তি | কাবিটা | -- | ১৮,৪৭,২৬১.৭৪ | - | ১৮,৪৭,২৬১.৭৪ | প্রক্রিয়াধীন |
| ১৪. | ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য-চাল) উপজেলা পরিষদভিত্তিক ২য় কিস্তি | কাবিখা | -- | ২৪.৬০৪৫ মেঃ টন (চাল) | - | ২৪.৬০৪৫ মেঃ টন (চাল) | প্রক্রিয়াধীন |
| ১৫. | (কোভিড-১৯ ওবিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ এর কারণে) জি.আর- চাউল ও নগদ অর্থ সাহায্য | জি.আর অর্থ | ১ বার | ৫০,০০০.০০ | ৫০,০০০.০০ | - | ১০০% |
| | | জি. আর চাউল | ১ বার | ২০.০০০ মেঃ টনঃ | ২০.০০০ মেঃ টনঃ | - | ১০০% |
| | | জি. আর চাউল | ১ বার | ১.০০০ মেঃ টনঃ | - | ১.০০০ মেঃ টনঃ | কাজ চলমান |
| | | শিশু খাদ্য | ১ বার | ১,০০,০০০.০০ | - | ১,০০,০০০.০০ | কাজ চলমান |
| | | শুকনা খাবার | ১ বার | ১১০ টি ব্যাগ /বস্তা | - | ১১০ টি ব্যাগ/বস্তা | কাজ চলমান |
| | | গো-খাদ্য | ১ বার | ৭৫,০০০.০০ | - | ৭৫,০০০.০০ | কাজ চলমান |
| | | পানিতে ডুবে | ৪ বার | ১.০০.০০০.০০ | ১.০০.০০০.০০ | - | ১০০% |
| | | বজ্রপাতে | ১ বার | ৪৫,০০০.০০ | ৪৫,০০০.০০ | - | |
| | | অগ্নিকান্ড অর্থ | ১ বার | ৪,০০০.০০ | ৪,০০০.০০ | - | ১০০% |
| | | অগ্নিকান্ড চাউল | ১ বার | ০.০৬০ মেঃ টনঃ | ০.০৬০ মেঃ টনঃ | - | ১০০ |
| | | বড় দিন | ৫০টি | ২৫,০০০ মেঃ টনঃ | ২৫,০০০ মেঃ টনঃ | - | ১০০% |
| | | দূর্গাপূজা | ১৬১ টি | ৮০.৫০০ মেঃ টনঃ | ৮০.৫০০ মেঃ টনঃ | - | ১০০% |
| ১৬. | ভিজিএফ (ঈদ-উল-আযহা) | ভিজিএফ | ১৯,৬৩৪ টি | ১৯৬.৩৪০ মেঃ টনঃ | ১৯৬.৩৪০ মেঃ টনঃ | - | ১০০% |
| ১৭. | ভিজিএফ (ঈদ-উল-ফিতর) | ভিজিএফ | ৭২,১৪৫ টি | ৭২১.৪৫ মেঃ টনঃ | - | ৭২১.৪৫ মেঃ টনঃ | প্রকল্প তালিকা প্রক্রিয়াধীন |
| ১৮. | শীতবস্ত্র (কম্বল) | কম্বল | ২ বার | ৫,০৩০ পিস | ৫,০৩০ পিস | - | ১০০% |
| | | অর্থ | ২ বার | ১১,৩৭,৭৪৮.৬৮ | - | ১১,৩৭,৭৪৮.৬৮ | কাজ চলমান |
| ১৯. | ২০২১-২০২২ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) | ওয়েজ | ৪৩৯৬ জন | ৭,০৩,৩৬,০০০.০০ | - | ৩,৫১,৬৮,০০০.০০ | ১০০% |
| | | নন-ওয়েজ | ১৭ টি | ৩২,২৮,৮৯২.০০ | - | ৩২,২৮,৮৯২.০০ | ৫০% |
| ২০. | ২০২১-২০২২ অর্থবছরে অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প | মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন | ১১ টি | ১,৪৭,৭৯,৭৯৮.০০ | - | ১,৪৭,৭৯,৭৯৮.০০ | কাজ চলমান |
| ২১. | ২০২১-২০২২ অর্থবছরে মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে ৩য় পর্যায়ে বাসগৃহ নির্মাণ প্রকল্প | বাসগৃহ নির্মাণ | ১৭৫ টি | ৪,৬২,৮২,৫০০.০০ | ২,৮৩,৪০,৫৮৪.০০ | ১,৭৯,৪১,৯১৬.০০ | ৪৬.৭০% |
| ২২. | ২০২১-২০২২ অর্থ বছরে ''গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ শীর্ষক প্রকল্প | এইচবিবি রাস্তা | ০৫ টি | ২,২১,২৯,০০০.০০ | - | ২,২১,২৯,০০০.০০ | কাজ চলমান |
| ২৩. | ২০২১-২০২২ অর্থ বছরে সেতু/কালভার্ট নির্মাণ | সেতু/কালভার্ট | ০২ টি | ১,৪৪,৯৫,৩৪৪.০০ | - | ১,৪৪,৯৫,৩৪৪.০০ | প্রক্রিয়াধীন |

| | | | |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্তঃ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা'কে আহবান করা হলো। | ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>পার্বতীপুর, দিনাজপুর |
| দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সংক্রান্ত ঃ | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর, দিনাজপুর'কে অনুরোধ করা হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর, দিনাজপুর |
| তথ্যসেবা সংক্রান্ত ঃ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা<br>পার্বতীপুর, দিনাজপুর |
| দারিদ্র্য বিমোচন সংক্রান্ত ঃ | সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, পার্বতীপুর, দিনাজপুর |
| চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান গণের ভ্রমণ বিল সংক্রান্তঃ | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জানুয়ারি/২০২২ হতে মার্চ/২০২২ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ২০ দিন করে (৬২৫×২০)=১২,৫০০×৩= ৩৭,৫০০/- টাকা ও জনাব মোঃ আমিরুল মোমেনিন, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জানুয়ারি/২০২২ হতে মার্চ/২০২২ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকা এবং জনাব রুকশানা বারী রুকু, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জানুয়ারি/২০২২ হতে মার্চ/২০২২ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩ =২২,৫০০/- টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিলগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জানুয়ারি/২০২২ হতে মার্চ/২০২২ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ২০ দিন করে (৬২৫×২০)=১২,৫০০×৩=৩৭,৫০০/- টাকা ও জনাব মোঃ আমিরুল মোমেনিন, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জানুয়ারি/২০২২ হতে মার্চ/২০২২ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকা এবং জনাব রুকশানা বারী রুকু, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর জানুয়ারি/২০২২ হতে মার্চ/২০২২ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩= ২২,৫০০/- টাকা, সর্বমোট =৮২,৫০০/- (বিরাশি হাজার পাঁচশত) টাকার ভ্রমণ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |

০৩। অত:পর উপজেলা পরিষদের উপ-কমিটির নিয়মিত সভা আহবান ও সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর বরাবর প্রেরণের অনুরোধ জানিয়ে এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক)
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর
ফোনঃ ০৫৩৩৪-৭৪৪৪৬

উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর

স্মারক নং-০৫.৫৫.২৭৭৭.০২৫.০১.০০১.২২-১১(৫৫)

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়] ঃ
০১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫ এবং উপদেষ্টা, পার্বতীপুর উপজেলা পরিষদ, দিনাজপুর
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর
০৫। জেলা প্রশাসক, দিনাজপুর
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
০৮। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
০৯। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
১০। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর
১১। উপজেলা............................................................ অফিসার, পার্বতীপুর, দিনাজপুর
১২। চেয়ারম্যান,.............................................................ইউ.পি, পার্বতীপুর, দিনাজপুর
১৩। জনাব.......................................................................,পার্বতীপুর, দিনাজপুর
১৪। অফিস কপি

Ismail 20/08/2022
(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর, দিনাজপুর

# পার্বতীপুর উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

সভার তারিখ ঃ ২০/০৪/২০২২ খ্রি. সময় ঃ দুপুর ২.৩০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মুহাম্মদ ইসমাঈল | | ০১৭৬১-৪৯৩৫৩১ |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | ~~জনাব ডাঃ সাহিদুর রহমান চৌধুরী~~ ডা: মো: হামদুল্লাহ | | ~~০১৭১৭-৭৮৬৮৪৭~~ 01701006963 |
| ৩. | উপজেলা কৃষি অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ রাকিবুজ্জামান | | ০১৭১২-৯৫৬২৯৭ |
| ৪. | উপজেলা প্রাণী সম্পদ অফিসার (ভারপ্রাপ্ত) পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ডাঃ মোঃ আতিকুর রহমান | | ০১৭৩৮-৩৪০২২৪ |
| ৫. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু জাফর মোঃ সায়েম | | ০১৭১৯-০৩৮৮৩২ |
| ৬. | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আহসান হাবীব | | ০১৭০৮-১৬১৬১৩ |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আশরাফুল হক প্রধান | | ০১৭১৭-১৩৯৮২৪ |
| ৮. | উপজেলা শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ক. খ. মোঃ আলাওল হাদী | | ০১৭১২-৭০২৫২৫ |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু মুসা মোহাম্মদ হাসান | | ০১৭১৪-৫৫০৮৬৯ |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব তাপস রায় | | ০১৭৩১-৫২১৪৩৭ |
| ১১. | উপজেলা পঃ পঃ অফিসার (অঃ দাঃ) পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ ওবাইদুর রহমান | | ০১৭২৪-০৮০৪১৪ |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব খন্দকার শাকিনা বিনতে শরীফ | | ০১৭১৮-০১৭৩২৯ ০১৭১৮-০১৭৩২৯ |
| ১৩. | উপজেলা সমবায় অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুর রব প্রামানিক | | ০১৭১৮-৩৩০৯২৫ |
| ১৪. | উপজেলা যুব উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুর রহমান | 20/4/2022 | ০১৭১২-৬৭০৪৮৯ |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (অঃ দাঃ), পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ শফিউল ইসলাম | | ০১৭১৫-১৭০৮১৪ |
| ১৬. | রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুল হাই | 20/4/2022 | ০১৮২৫-৫৪৪৫৩১ |
| ১৭. | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ সাইফুর রহমান | 20/04/22 | ০১৭২৫-৭৪২৭১০ |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নাসিম হাসান | ২০।০৪।২২ | ০১৬৪৪-৩৩২৮৪৮ |
| ১৯. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আফান আলী | 20/4/22 | ০১৭১৫-২৮৪৮০৩ |
| ২০. | অধ্যক্ষ, পার্বতীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আহছান হাবিব | 20-04-2022 | ০১৭১৬-৫০৯৪৬০ |
| ২১. | আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, (নেসকো), পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ মকছেদুল ইসলাম | | ০১৭৫৫-৫৮৪৯০৮ |
| ২২. | ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর। | জনাব মোঃ এহতেশামুল হক | | ০১৭৬৯-৪০০১৪৩ |
| ২৩. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব বাসুদেব দে | 20/4/22 | ০১৭৫০-১৭২৯৭২ |
| ২৪. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নাজিম উদ্দীন সরকার | 20/4/22 | ০১৭৩৭-১৪১১৮১ |
| ২৫. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ জিয়াবুর রহমান | | ০১৭১০-০৪৭৯০০ |
| ২৬. | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুল মতিন | | ০১৭২৩-১৬৫৩৪১ |
| ২৭. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোছাঃ আফরোজা খাতুন | 20/04/2022 | ০১৭৩৩-৮৮৯২৭৯ |
| ২৮. | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(UDF) ইউজিডিপি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আখতার আহসান | 20/04/22 | ০১৭২৭-৮৬০১৭১ |

# পার্বতীপুর উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

সভার তারিখ ঃ ২০/০৪/২০২২ খ্রি. | সময় ঃ দুপুর ২.৩০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫, সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পার্বতীপুর। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, এম.পি | [signature] | ০১৭৩ ২৫৮১১৭৭ |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক | [signature] | ০১৭১২-১১১৭২৩ |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আমিরুল মোমেনিন | [signature] | ০১৯৩৭-৩৯৯৭০৮ |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রুকশানা বারী রুকু | [signature] | ০১৭১৮-৬৭৫৫৭৫ |
| ০৫ | মেয়র, পার্বতীপুর পৌরসভা পার্বতীপুর,দিনাজপুর। | জনাব এ জেড এম মেনহাজুল হক | অনুঃ | ০১৭১২-০৫৪২২৬ |
| ০৬ | চেয়ারম্যান, ১নং বেলাইচন্ডি ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব কৃষিবিদ নুর মোহাম্মদ রাজা | [signature] 20/08/22 | ০১৭১৫-২০৫১৫০ |
| ০৭ | চেয়ারম্যান, ২নং মন্মথপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ ওয়াদুদ আলী | [signature] 20/08/22 | ০১৭১২-০৫৬৮৭০ |
| ০৮ | প্যানেল চেয়ারম্যান, ৩নং রামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ একরামুল হক | [signature] 20/08/22 | ০১৭১৮-৫৬০২১৮ |
| ০৯ | চেয়ারম্যান, ৪নং পলাশবাড়ী ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মোফাখ্খারুল ইসলাম | [signature] | ০১৭১৩-৭৩৪৩৯১ |
| ১০ | চেয়ারম্যান, ৫নং চন্ডিপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মজিবর রহমান সরকার | [signature] | ০১৭১৬-৭৮৪৭৭১ |
| ১১ | চেয়ারম্যান, ৬নং মোমিনপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নজরুল ইসলাম সরকার | [signature] 20/8/22 | ০১৭১২-২২৫৪৪১ |
| ১২ | চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মতিয়ার রহমান প্রামানিক | অনুঃ | ০১৮৪-৮৩৮৩১৭৫ |
| ১৩ | চেয়ারম্যান, ৮নং হাবড়া ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুজ্জামান সরকার | [signature] 20.08.22 | ০১৭৬১-৫৮৭৮১১ |
| ১৪ | চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রেজওয়ানুল হক | অনুঃ | ০১৭৪২-৪১৯৩০০ |
| ১৫ | চেয়ারম্যান, ১০নং হরিরামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম (ভা:প্রা:) | [signature] 20.8.2022 | ০১৭৪০-৮৮৫২৭৭ |
| ১৬ | পৌরসভা ও ৩নং রামপুর ইউ,পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মালেকা জালাল | [signature] 20/4/22 | ০১৭১৮-৩৩৩৯৬০ |
| ১৭ | ১,২,৬ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ লিপা খাতুন | [signature] 20/8/22 | ০১৭৮০-৮৪৪৮৮১ |
| ১৮ | ৫,৭,৮ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ তাছকিনা খাতুন | অনুঃ | ০১৭২২-২০০৯৪০ |